# স্নাতক পাঠক্রম

## অনুশীলন পত্র

**ডিসেম্বর, ২০১৭ ও জুন, ২০১৮**

**সহায়ক পাঠক্রম**

# বাংলা ( Bengali )

**দ্বিতীয় পত্র**

## Chhando, Alonkar O Kabya-Kabita : SBG-II

**পূর্ণমান ঃ ১০০**
মানের গুরুত্ব ঃ ৩০%

**পরিমিত ও যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে। অশুদ্ধ বানান, অপরিচ্ছন্নতা এবং অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কেটে নেওয়া হবে। উপান্তে প্রশ্নের মূল্যমান সূচিত আছে।**

১। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দিন (অনধিক ৪০০ শব্দে) ঃ

২০ × ২ = ৪০

(ক) উদাহরণসহ বাংলা তানপ্রধান ও মিশ্রবৃত্ত ছন্দের বৈশিষ্ট্যগুলির পরিচয় দিন।

(খ) কৃত্তিবাসের ‘অরণ্যকাণ্ড’ থেকে রাবণের সঙ্গে জটায়ুর যুদ্ধের যথাযথ পরিচয় দিন।

(গ) মেঘনাদবধ কাব্যের ষষ্ঠ সর্গে বর্ণিত মেঘনাদ চরিত্রের অনন্যতা বিশ্লেষণ করুন।

(ঘ) শব্দালঙ্কারের সঙ্গে অর্থালঙ্কারের পার্থক্য কোথায় ? চারটি অর্থালঙ্কারের সংজ্ঞাসহ উদাহরণ দিন।





২। যে-কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দিন (অনধিক ৩০০ শব্দে) ঃ

১২ × ৩ = ৩৬

(ক) পূর্বরাগ, অনুরাগ পর্যায়-এর বৈশিষ্ট্য দেখিয়ে জ্ঞানদাসের (২নং) পদটির সার্থকতা বিচার করুন।

(খ) এলিজি বা শোককাব্য কাকে বলে ? বাংলা কাব্য থেকে এর উদাহরণ দিয়ে আলোচনা করুন।

(গ) নজরুলের ‘নারী’ কবিতায় সাম্য এবং প্রগতিশীল চেতনা সমন্বিত হয়েছে — আলোচনা করুন।

(ঘ) ‘সোনার তরী’ কবিতাটির নামকরণের সার্থকতা বিচার করুন।

(ঙ) অলঙ্কার নির্ণয় করুন : 4 × ৩

অ) এমন মানব জমিন রইল পতিত
আবাদ করলে ফলতো সোনা

আ) ঠকা ঠাঁই ঠাঁই কাঁদিছে নেহাই
আগুন ঢুলিছে ঘুমে।
ক্লান্ত সাঁড়াশি শ্রান্ত ওষ্ঠে আলগোছে ছেনি চুমে।

ই) জেগেছে যৌবন নব বসুধার দেহে

(চ) ছন্দোলিপি প্রস্তুত করুন :

যে কিছু আনন্দ আছে দৃশ্যে গন্ধে গানে
তোমার আনন্দ রবে তার মাঝখানে
মোহ মোর মুক্তি রূপে উঠিবে জ্বলিয়া
প্রেম মোর ভক্তি রূপে রহিবে ফলিয়া।।

**অথবা**

অসহায় জাতি মরিছে ডুবিয়া, জানে না সন্তরণ,
কাণ্ডারী ! আজি দেখিব তোমার মাতৃমুক্তি পণ !
হিন্দু না ওরা মুসলিম ?’ ওই জিজ্ঞাসে কোন জন ?
কাণ্ডারী ! বলো ডুবিছে মানুষ সন্তান মোর মা’র।

৩। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দিন (অনধিক **১০০** শব্দে)ঃ

৬ × ৪ = ২৪

(ক) যমক ও শ্লেষ অলঙ্কারের মিল ও অমিল নিয়ে আলোচনা করুন।

(খ) অমিত্রাক্ষরে অন্ত্যমিলহীনতা ছাড়া আর কী বৈশিষ্ট্য ছিল ?

(গ) ব্রজবুলি ভাষা কাকে বলে ?

(ঘ) জীবনানন্দ দাশের তিনটি কাব্যগ্রন্থ অথবা উপন্যাসের অতি সংক্ষিপ্ত পরিচয় দিন।

(ঙ) রবীন্দ্রোত্তর আধুনিক কবিতার তিনজন গুরুত্বপূর্ণ কবি এবং তাদের একটি করে কাব্যের নাম করুন।

(চ) মত্ত দাদুরী ডাকে ডাহুকী

ফাটি যাওত ছাতিয়া

— কার রচিত পদাংশ এটি ? দাদুরী এবং ডাহুকীর পরিচয় দিন। এদের সঙ্গে ছাতি ফেটে যাওয়ার সম্পর্ক কী ?





(ছ) চুল তার কবেকার অন্ধকার বিদিশার নিশা

— এখানে একাধিক অলংকারের ব্যবহার চিহ্নিত করে, চুলকে কেন বিদিশার নিশার সঙ্গে উপমা দেওয়া হয়েছে, জানান।

(জ) 'সীতাহারা আমি যেন মণিহারা ফণী' — কে, কাকে, কখন একথা বলেছেন ?

| | | |
|---|---|---|
| 1. | Date of Publication | : 23/10/2017 |
| 2. | Last date of submission of answer script by the student to the study centre | : 02/12/2017 |
| 3. | Last date of submission of marks by the examiner to the study centre | : 13/01/2018 |
| 4. | Date of evaluated answer script distribution by the study centre to the student | : 20/01/2018 |
| 5. | Last date of submission of marks by the study centre to the Department of C.O.E. on or before | : 31/01/2018 |